৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) 'হাঁসুলী বাঁকের উপকথা' উপন্যাসটিতে তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায় সামন্ততন্ত্রের অবক্ষয় এবং ধনতন্ত্রের উত্থান কীভাবে দেখিয়েছেন তা নিজের মতো করে আলোচনা করো।

খ) 'পথের পাঁচালী' উপন্যাসে সর্বজয়ার চরিত্র বিশ্লেষণ করো।

গ) 'পথের পাঁচালী' উপন্যাসের নামকরণ সম্পর্কে আলোচনা করো।

ঘ) 'অমাবস্যার গান' উপন্যাস অনুযায়ী ভারতচন্দ্র রায়ের অন্তর্ভুক্তির কারণ ও প্রাসঙ্গিকতা আলোচনা করো।

———





# ২০২৩

# বাংলা

(অনার্স)

**(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)**

**পঞ্চম সেমেস্টার**

**কোর্স কোড : BNGH-CC-T-11**

**(বাংলা উপন্যাস)**

**[ নতুন পাঠক্রম ]**

পূর্ণমান : ৬০ সময় : ২.৩০ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যা প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

ক) 'করালী খুঁজে বেড়াত তার মাকে' — করালী তার মাকে কোথায় কোথায় খুঁজে বেড়াত?

খ) 'জাত ওই একই হে, চিতির জাত' — উক্তিটি কার? 'চিতির জাত' বলতে বক্তা কী বোঝাতে চেয়েছেন?

গ) 'পাখিকে শাখা-শাড়ি-সিঁদুর-নোয়া ছাড়াও দেবে অনেক জিনিস' — প্রসঙ্গ উল্লেখ করো। অনেক জিনিস বলতে কী কী বোঝানো হয়েছে?

ঘ) 'কালোশশীর মধ্যে নেশা আছে, সে নেশার ঘোর কাটিয়ে ওঠা সহজ নয়।' — কে এই কালোশশী? কালোশশী সম্পর্কে এই উপলব্ধিই বা কার?

[পরপৃষ্ঠায়]

ঙ) ‘সুচাঁদ পিসি বলে — আমার বাবার বাবা দেখেছেন’ — সুচাঁদ পিসির পরিচয় দাও। বাবার বাবা কী দেখেছেন?

চ) ‘অমাবস্যার গান’ উপন্যাসটির প্রথম সংস্করণ কবে কোথা থেকে প্রকাশিত হয়েছিল? লেখক কাকে উৎসর্গ করেন?

ছ) ‘বিনা করে অবাধে তীর্থবাসের অধিকার দেওয়া হল তাঁকে’ — কে কাকে কোথায় অবাধ তীর্থবাসের অধিকার দিলেন?

জ) ‘না দিদি, সংসার আমাকে দিয়ে হবে না। এতদিন বিবাগী হয়ে কাটিয়েছি, বাকী জীবনটাও কাটিয়ে দেব।’’ — বক্তা কে? দিদির নাম কী? উক্তিটির প্রসঙ্গ উল্লেখ করো।

ঝ) ‘দৃশ্যটা সহ্য করা যায় না— ভারতচন্দ্র চোখ ফিরিয়ে নিলেন’ — দৃশ্যটি সংক্ষেপে উল্লেখ করো।

ঞ) ‘আপনি গুণিজনের প্রতিপালক, তাই আপনার সভাই এঁর যোগ্যস্থান বলে মনে করি।’ — বক্তা কে? কার সভার কথা বলেছেন? কে কেনইবা যোগ্য?

ট) ‘চুরাশী পরগণা জুড়ে তাঁর রাজত্ব’ — কার রাজত্ব? আলীবর্দী খাঁ আদর করে তাঁকে কী নাম দিয়েছেন? তাঁর রাজ্যের ভৌগোলিক সীমা উল্লেখ করো।

ঠ) ‘পথের পাঁচালী’ উপন্যাসটির তৃতীয় অংশটির শিরোনাম উল্লেখ করে অর্থটি লেখো।

ড) ‘পথের পাঁচালী’ উপন্যাসটি কোন পত্রিকায় কত সালে ধারাবাহিকভাবে প্রকাশিত হয়েছিল? গ্রন্থাকারে প্রথম কবে প্রকাশিত হয়?



ঢ) ‘মেটে রঙের পুরু পুরু পাতাগুলোর এই গন্ধটা তাহার বড় ভালো লাগে’— কার ভালো লাগে? কোন বইয়ের পাতার কথা বলা হয়েছে?

ণ) ‘গ্রামের বৃদ্ধ নরোত্তম দাস বাবাজির সঙ্গে অপুর বড় ভাব’ — এই নরোত্তম দাস বাবাজির পরিচয় দাও।

২। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

ক) কাহার পাড়ার মাতব্বর হিসেবে বনওয়ারী চরিত্রটি সংক্ষিপ্ত বিশ্লেষণ করো।

খ) ‘হাঁসুলী বাঁকের উপকথা’ উপন্যাসটির প্রেক্ষাপট, পটভূমি এবং সময়কাল উল্লেখ করো।

গ) ‘মা যে আমাদের ফাঁকি দিয়ে চলে গিয়েছে গো’ — বক্তা কে? কোন্ প্রসঙ্গে এই মন্তব্য? মা কে? প্রসঙ্গত ফাঁকি দিয়ে চলে যাবার করুণ দৃশ্যটি সংক্ষেপে লেখো।

ঘ) ‘পথের পাঁচালী’ উপন্যাসের প্রথম মৃত্যুদৃশ্যটির তাৎপর্যটি সংক্ষিপ্তভাবে লেখো।

ঙ) ‘সেই না-ঘুম না-জাগার ভেতরে নিজের অতীতটা ছায়া-ছায়া আর ছাড়া ছাড়া ছবির মতো চেতনার ওপর ভেসে বেড়াতে লাগল।’— কার অতীতের কথা বলা হয়েছে? উপন্যাসের বর্ণনা অনুযায়ী এই অতীত সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করো।

চ) ‘অমাবস্যার গান’ উপন্যাসটির গোত্রবিচার বিষয়ে তোমার মতামত লেখো।